হলে সামান্য ধারণা স্বীকার করতে হবে। তাই নামবাদ সন্তোষজনক নয়।

বিভাগ গ

সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

প্রতিটি প্রশ্নের মান - 2

1 **দেকার্ত দ্রব্যের কী সংজ্ঞা দিয়েছেন?**

উত্তর ▶ দেকার্ত দ্রব্যের সংজ্ঞা দিতে গিয়ে বলেছেন—দ্রব্য হল একটি অস্তিত্বশীল পদার্থ, যার অস্তিত্বের জন্য নিজেকে ছাড়া অপর কোনো কিছুর প্রয়োজন হয় না।

2 **দেকার্তের মতে গুণ কাকে বলে? দেকার্তের মতে জড়দ্রব্যের গুণ কী?**

উত্তর ▶ দেকার্তের মতে গুণ হল দ্রব্যের অপরিবর্তনশীল মৌলিক বৈশিষ্ট্য।

▶ দেকার্তের মতে বিস্তৃতি হল জড়দ্রব্যের গুণ।

3 **দেকার্তের মতে মনের গুণ কী? দেকার্তের মতানুসারে প্রত্যংশ (mode) কী?**

উত্তর ▶ দেকার্তের মতে মনের গুণ হল চিন্তন।

▶ দেকার্তের মতে প্রত্যংশ হল দ্রব্যের পরিবর্তনশীল ধর্ম।

4 **দেকার্তের মতে জড়দ্রব্যের প্রত্যংশ কী? দেকার্তের মতে মনদ্রব্যের প্রত্যংশ কী?**

উত্তর ▶ দেকার্তের মতে রূপ, রস, গন্ধ হল জড়দ্রব্যের প্রত্যংশ।

▶ দেকার্তের মতে কামনা, বাসনা, সুখ, দুঃখ হল মনদ্রব্যের প্রত্যংশ।

5 **"মন ও জড়দ্রব্য পরস্পরবিরুদ্ধ ও নিরপেক্ষ দ্রব্য"—এই কথা কে বলেছেন? তাঁর মতে স্বনির্ভর দ্রব্য কয়টি ও কী কী?**

উত্তর ▶ দেকার্ত বলেছেন "মন ও জড়দ্রব্য পরস্পরবিরুদ্ধ ও নিরপেক্ষ দ্রব্য।"

▶ দেকার্তের মতে স্বনির্ভর দ্রব্য একটি, তা হল ঈশ্বর।

6 **দেকার্তের মতে পরনির্ভর দ্রব্য কয়টি ও কী কী?**

উত্তর ▶ দেকার্তের মতে পরনির্ভর দ্রব্য দুটি, তা হল মন ও জড়দ্রব্য।

7 **দেকার্ত কতপ্রকার দ্রব্য স্বীকার করেছেন ও কী কী?**

উত্তর ▶ দেকার্ত দুইপ্রকার দ্রব্য স্বীকার করেছেন। তা হল—[1] স্বনির্ভর দ্রব্য এবং [2] পরনির্ভর দ্রব্য।

8 **দেকার্ত কয়টি দ্রব্য স্বীকার করেছেন ও কী কী?**

উত্তর ▶ দেকার্ত তিনটি দ্রব্য স্বীকার করেছেন। তা হল—[1] ঈশ্বর, [2] মন এবং [3] জড়দ্রব্য।

9 **স্পিনোজার মতে বিস্তৃতির প্রত্যংশ কী?**

উত্তর ▶ স্পিনোজার মতে বিস্তৃতির প্রত্যংশ হল গতি ও স্থিতি।

10 **স্পিনোজার মতে চিন্তনের প্রত্যংশ কী?**

উত্তর ▶ স্পিনোজার মতে বোধশক্তি ও ইচ্ছা হল চিন্তনের প্রত্যংশ।

11 **স্পিনোজার মতে দ্রব্যের সঙ্গে তার গুণের কীরূপ সম্বন্ধ?**

উত্তর ▶ স্পিনোজার মতে দ্রব্য হল কারণ এবং গুণ তার কার্য। তাই দ্রব্য ও গুণের সম্বন্ধ কার্যকারণ সম্বন্ধ।

12 **স্পিনোজার মতে দ্রব্যের সঙ্গে বিকার (প্রত্যংশ)-এর সম্বন্ধ কী?**

উত্তর ▶ স্পিনোজার মতে দ্রব্য হল কারণ এবং বিকার বা প্রত্যংশ হল কার্য। তাই দ্রব্য ও প্রত্যংশের মধ্যে কারণ ও কার্য সম্বন্ধ।

13 **লকের মতে দ্রব্য কত প্রকার ও কী কী?**

উত্তর ▶ লকের মতে দ্রব্য তিনপ্রকার। তা হল—[1] জড়দ্রব্য, [2] মন এবং [3] ঈশ্বর।

14 **লকের মতে কোন্ গুণগুলি পরিবর্তনশীল এবং কোন্ গুণগুলি অপরিবর্তনশীল?**

উত্তর ▶ লকের মতে যে গুণগুলি পরিবর্তনশীল তার নাম হল গৌণ গুণ এবং যে গুণগুলি অপরিবর্তনশীল সেই গুণগুলির নাম মুখ্য গুণ।

15 **দেকার্ত প্রদত্ত দ্রব্যের দুটি সংজ্ঞা দাও।**

উত্তর ▶ দেকার্ত দ্রব্যের দুটি সংজ্ঞা দিয়েছেন। তা হল—[1] দ্রব্য হল একটি অস্তিত্বশীল পদার্থ যার অস্তিত্বের জন্য নিজেকে ছাড়া অপর কোনো কিছুর প্রয়োজন হয় না। [2] যা ঈশ্বরসৃষ্ট, যা গুণের আধার তাই হল দ্রব্য।

16 **দেকার্ত জড়দ্রব্যের সংজ্ঞা কী দিয়েছেন?**

উত্তর ▶ দেকার্তের মতে জড়দ্রব্য হল চেতনাহীন বিস্তৃতি।

17 **দেকার্ত মনের সংজ্ঞা কী দিয়েছেন?**

উত্তর ▶ দেকার্তের মতে মন হল বিস্তৃতিহীন চেতনা।

18 **দেকার্তের মতে জড়দ্রব্য ও মনের মধ্যে পার্থক্য কী?**

উত্তর ▶ দেকার্তের মতে জড়দ্রব্য হল চেতনাহীন বিস্তৃতি। অপরপক্ষে, মন হল বিস্তৃতিহীন চেতনা।

19 **দেকার্ত জড় ও আত্মাকে দ্রব্য বলেছেন কেন?**

উত্তর ▶ দেকার্তের মতে গুণের আধার হল দ্রব্য। তাই বিস্তৃতি গুণের আধার হিসেবে জড়দ্রব্য ও চিন্তন গুণের আধার হিসেবে আত্মদ্রব্য দেকার্তকে স্বীকার করেছেন।

20 **দেকার্ত ঈশ্বরের সঙ্গে জড় ও আত্মদ্রব্যের মধ্যে সম্পর্ক কীভাবে ব্যাখ্যা করেছেন?**

উত্তর ▶ দেকার্তের মতে ঈশ্বর জড়দ্রব্য ও আত্মদ্রব্য সৃষ্টি করেছেন। তাই ঈশ্বরের সঙ্গে জড়দ্রব্য ও আত্মদ্রব্যের মধ্যে কার্যকারণ সম্বন্ধ আছে।

21 **স্পিনোজা তাঁর 'Ethics' গ্রন্থে দ্রব্যের কী সংজ্ঞা দিয়েছেন?**

উত্তর ▶ যা নিজে নিজে অস্তিত্বশীল এবং যাকে নিজের সাহায্যে বোঝা যায়, অর্থাৎ কিনা অপর কোনো ধারণার সাহায্য ছাড়া যার সম্পর্কে ধারণা গঠন করা যায় তাই হল দ্রব্য।

22 **স্পিনোজার মতে দ্রব্যের বৈশিষ্ট্যগুলি কী?**

উত্তর ▶ স্পিনোজার মতে দ্রব্য হল স্বনির্ভর, স্বয়ম্ভু, এক, অনন্ত, শাশ্বত, নিত্য, অপরিণামী, স্বাধীন, নির্বিশেষ, স্ববেদ্য।

23 **স্পিনোজা দ্রব্যকে স্বয়ম্ভু বলেছেন কেন?**

উত্তর ▶ স্পিনোজা বলেন দ্রব্য যদি স্বয়ম্ভু না হয় তবে অন্য কিছুর দ্বারা উৎপন্ন হবে, ফলে দ্রব্য স্বনির্ভর হবে না। তাই দ্রব্য স্বয়ম্ভু।

24 **স্পিনোজা দ্রব্যকে অনন্ত বলেছেন কেন?**

উত্তর ▶ স্পিনোজা বলেন দ্রব্য যদি অনন্ত না হয়ে সান্ত হয় তবে দ্রব্য অন্য দ্রব্যের দ্বারা সীমিত হবে। ফলে তাদের উপর নির্ভরশীল হবে। ফলে দ্রব্য স্বনির্ভর হবে না। তাই দ্রব্য অনন্ত।

25 **স্পিনোজা দ্রব্যকে এক বলেছেন কেন?**

উত্তর ▶ স্পিনোজা বলেন দ্রব্য যদি এক না হয়ে বহু হয় তবে অন্য দ্রব্যের দ্বারা সীমিত হবে। ফলে দ্রব্য অনন্ত হবে না। তাই দ্রব্য এক।

26 **স্পিনোজা দ্রব্যকে শাশ্বত বলেছেন কেন?**

উত্তর ▶ স্পিনোজা বলেন দ্রব্য যদি শাশ্বত না হয়ে অনিত্য হয় তবে পূর্ববর্তী কারণের দ্বারা উৎপন্ন হবে। ফলে দ্রব্য স্বনির্ভর হবে না। তাই দ্রব্য শাশ্বত ও নিত্য।

27 **স্পিনোজা দ্রব্যকে অপরিণামী বলেছেন কেন?**

উত্তর ▶ স্পিনোজা বলেন দ্রব্য যদি পরিণামী হয় তবে দ্রব্য শাশ্বত হবে না। কিন্তু দ্রব্য শাশ্বত। তাই দ্রব্য অপরিণামী।

28 **স্পিনোজা দ্রব্যকে স্বাধীন বলেছেন কেন?**

উত্তর ▶ স্পিনোজা বলেন দ্রব্য যদি স্বাধীন না হয় তবে অন্যের দ্বারা নিয়ন্ত্রিত হবে, ফলে দ্রব্য স্বনির্ভর হবে না। কিন্তু দ্রব্য স্বনির্ভর। তাই দ্রব্য স্বাধীন।

29 **স্পিনোজা দ্রব্যকে নির্বিশেষ বলেছেন কেন?**

উত্তর ▶ স্পিনোজা বলেন বুদ্ধি, ইচ্ছা প্রভৃতি বিশেষণ দ্রব্যে আরোপ করা যায় না, যদি আরোপ করা হয় তবে দ্রব্য সীমিত হয়ে পড়বে। কিন্তু দ্রব্য অসীম। তাই দ্রব্য নির্বিশেষ।

30 **স্পিনোজা দ্রব্য ও ঈশ্বরকে অভিন্ন বলেছেন কেন?**

উত্তর ▶ স্পিনোজার মতে দ্রব্য স্বনির্ভর, স্বয়ম্ভু, অনন্ত, শাশ্বত, অপরিণামী, নির্বিশেষ। এইরূপ বৈশিষ্ট্যযুক্ত দ্রব্য একমাত্র ঈশ্বরই হতে পারেন। তাই স্পিনোজার মতে দ্রব্য ও ঈশ্বর অভিন্ন (দ্রব্য = ঈশ্বর)।

31 **স্পিনোজা ঈশ্বর ও জগৎকে অভিন্ন কেন বলেছেন?**

উত্তর ▶ স্পিনোজার মতে ঈশ্বর জগৎ সৃষ্টি করেছেন, তিনি জগতের কারণ। তিনি জগৎ সৃষ্টি করে জগতের সকল বস্তুর মধ্যে রয়েছেন। তিনি জগতের অন্তঃস্থিত কারণস্বরূপ। তাই ঈশ্বর ও জগৎ অভিন্ন (ঈশ্বর = জগৎ)।

32 **স্পিনোজা গুণের কী সংজ্ঞা দিয়েছেন?**

উত্তর ▶ যা আমাদের যুক্তি দ্রব্যতে প্রত্যক্ষ করে তার স্বরূপধর্মরূপে তাকে বলা হয় গুণ।

33 **'দ্রব্য = ঈশ্বর = জগৎ'—স্পিনোজার এই সমীকরণের তাৎপর্য কী?**

উত্তর ▶ স্পিনোজার মতে দ্রব্য হল স্বনির্ভর। একমাত্র স্বনির্ভর সত্তা হল ঈশ্বর। এই ঈশ্বর জগৎ সৃষ্টি করে জগতের সব কিছুর মধ্যে রয়েছেন। তাই দ্রব্য = ঈশ্বর = জগৎ। অর্থাৎ, দ্রব্য, ঈশ্বর ও জগৎ অভিন্ন। একেই সর্বেশ্বরবাদ বলা হয়।

34 **স্পিনোজার মতে দ্রব্যকে কীভাবে জানা যায়?**

উত্তর ▶ স্পিনোজার মতে দ্রব্যকে গুণের মাধ্যমে জানা যায়।

35 **স্পিনোজার মতে দ্রব্য ও গুণের মধ্যে সম্বন্ধ কেমন?**

উত্তর ▶ স্পিনোজার মতে গুণ হল দ্রব্যের উপাদান ও স্বরূপধর্ম। তাই দ্রব্য ও গুণ অভিন্ন।

36 **স্পিনোজা প্রত্যংশ বা বিকারের (modes) সংজ্ঞা কী দিয়েছেন?**

উত্তর ▶ স্পিনোজার মতে প্রত্যংশ হল সীমিত রূপ যার মাধ্যমে দ্রব্য নিজেকে বিশেষ বিশেষ সান্ত বস্তুরূপে নিজেকে প্রকাশ করে।

37 **স্পিনোজার মতে দ্রব্য ও প্রত্যংশের মধ্যে সম্বন্ধ কীরূপ?**

উত্তর ▶ প্রত্যংশ হল সান্ত দ্রব্য। এর নিজস্ব কোনো স্বাধীন সত্তা নেই। প্রত্যংশ হল অসীম দ্রব্যের অবভাস। দ্রব্য হল শাশ্বত ও নিত্য। কিন্তু প্রত্যংশ অনিত্য।

38 **লক কেন জড়দ্রব্য স্বীকার করেছেন?**

উত্তর ▶ আকার, আয়তন, বিস্তৃতি প্রভৃতি মুখ্য গুণের আধার হিসেবে লক জড়দ্রব্য স্বীকার করেছেন।

39 **লক কেন মনদ্রব্য স্বীকার করেছেন?**

উত্তর ▶ ইচ্ছা, অনুভূতি, চিন্তা—এই সকল মানসিক মুখ্য গুণের আধার হিসেবে লক মনদ্রব্য স্বীকার করেছেন।

40 **লক কেন ঈশ্বর স্বীকার করেছেন?**

উত্তর ▶ সর্বশক্তিমানতা, অসীমতা, নিত্যতা, পূর্ণতা প্রভৃতি গুণের আধার হিসেবে লক ঈশ্বর স্বীকার করেছেন।

41 **লকের মতে দ্রব্যকে কীভাবে জানা যায়?**

উত্তর ▶ লকের মতে দ্রব্যকে প্রত্যক্ষের মাধ্যমে জানা যায় না। ইন্দ্রিয় ও দ্রব্যের সংযোগের ফলে আমরা প্রতিরূপ প্রত্যক্ষ করি। এই মুখ্য গুণের প্রতিরূপের কারণ হিসেবে দ্রব্যকে অনুমান করি।

42 **লক গুণের সংজ্ঞা কী দিয়েছেন?**

উত্তর ▶ দ্রব্যের যে শক্তি গুণের ধারণা সৃষ্টি করে তাকেই লক গুণ বলেছেন।

43 **লকের মতে গুণ কত প্রকার ও কী কী?**

উত্তর ▶ লকের মতে গুণ দুইপ্রকার। তা হল—[1] মুখ্য গুণ ও [2] গৌণ গুণ।

44 **মুখ্য গুণ কাকে বলে? উদাহরণ দাও।**

উত্তর ▶ যে গুণগুলি সার্বিক, আবশ্যিক, অপরিবর্তনশীল, মননিরপেক্ষ, বস্তুগত, দ্রব্য থেকে অবিচ্ছেদ্য সেই গুণগুলিকে বলা হয় মুখ্য গুণ। যেমন—আকার, আয়তন, বিস্তৃতি, ইচ্ছা ইত্যাদি।

45 **লকের মতে গৌণ গুণ কাকে বলে? উদাহরণ দাও।**

উত্তর ▶ যে গুণগুলি সার্বিক নয়, আবশ্যিক নয়, পরিবর্তনশীল, মন সাপেক্ষ, বস্তুগত নয় সেই গুণগুলিকে বলা হয় গৌণ গুণ। যেমন—স্বাদ।

46 **লকের মতে তৃতীয় প্রকারের গুণ কী?**

উত্তর ▶ লকের মতে জড়বস্তুর মুখ্য গুণগুলি এমনভাবে বিন্যাস থাকে যে এই বিন্যাসের জন্য বস্তুতে এক বিশেষ ধরনের শক্তি উৎপন্ন হয় এবং ওই শক্তির জন্য এক বস্তু অন্য বস্তুর আকার, আয়তন, গতি ইত্যাদি পরিবর্তন সাধন করে। সুতরাং মুখ্য গুণগুলি বিন্যাসের জন্য দ্রব্যের মধ্যে যে বিশেষ শক্তি উৎপন্ন হয় তাকে বলা হয় তৃতীয় প্রকারের গুণ।

47 **বার্কলে কত প্রকার দ্রব্য স্বীকার করেছেন ও কী কী?**

উত্তর ▶ বার্কলে দুইপ্রকার দ্রব্য স্বীকার করেছেন। তা হল—[1] মন ও [2] ঈশ্বর।

48 **বার্কলে কোন্ দ্রব্যটি অস্বীকার করেছেন এবং কেন?**

উত্তর ▶ বার্কলে জড়দ্রব্য স্বীকার করেন না। কারণ জড়দ্রব্যকে প্রত্যক্ষ করা যায় না। তাই তার অস্তিত্ব নেই। জড়দ্রব্য হল বিমূর্ত সামান্য ধারণা। বিমূর্ত সামান্য ধারণার কোনো অস্তিত্ব নেই। তাই জড়দ্রব্যের কোনো অস্তিত্ব নেই।

49 **বার্কলে কেন মন স্বীকার করেছেন?**

উত্তর ▶ ধারণার প্রত্যক্ষ কর্তা হিসেবে বার্কলে মন স্বীকার করেছেন।

50 **বার্কলে কেন ঈশ্বর স্বীকার করেছেন?**

উত্তর ▶ জীবাত্মার সৃষ্টিকর্তা হিসেবে, সকল ধারণার প্রত্যক্ষকর্তা হিসেবে, জড়বস্তুর সংবেদন সৃষ্টিকর্তা হিসেবে বার্কলে ঈশ্বর স্বীকার করেছেন।

51 **বার্কলে মুখ্য ও গৌণ গুণের মধ্যে পার্থক্য অস্বীকার করেছেন কীভাবে?**

উত্তর ▶ বার্কলের মতে মুখ্য ও গৌণ গুণ উভয়ই পরিবর্তনশীল। তাই মুখ্য ও গৌণ গুণের মধ্যে কোনো পার্থক্য নেই।

52 **স্পিনোজা দ্রব্যকে প্রাথমিক সত্তা বলেছেন কেন?**

উত্তর ▶ স্পিনোজার মতে দ্রব্য কেবল স্বনির্ভর সত্তা, দ্রব্য ভিন্ন বাকি সব পরনির্ভর সত্তা। তাই দ্রব্য প্রাথমিক সত্তা, যার উপর অন্য সত্তাগুলি নির্ভরশীল।

53 **দ্রব্য সম্পর্কে স্পিনোজার দার্শনিক চিন্তা কোন্ দার্শনিকের দ্বারা অনুপ্রাণিত হয়েছিল এবং কীভাবে হয়েছিল?**

উত্তর ▶ দ্রব্য সম্পর্কে স্পিনোজার দার্শনিক চিন্তা দেকার্তের দ্বারা অনুপ্রাণিত হয়েছিল। দেকার্ত ও স্পিনোজা উভয়ই স্বীকার করেন দ্রব্য স্বনির্ভর সত্তা। স্পিনোজা বলেন এই স্বনির্ভর সত্তা একমাত্র ঈশ্বরই হতে পারেন। বিস্তৃতি ও চিন্তন দ্রব্য নয়। এরা ঈশ্বরের অসংখ্য গুণের মধ্যে দুটি গুণ।

54 **ঈশ্বরের অস্তিত্ব স্পিনোজা কীভাবে প্রমাণ করেছেন?**

উত্তর ▶ স্পিনোজা প্রথমত তত্ত্ব বিষয়ক যুক্তির সাহায্যে ঈশ্বরের অস্তিত্ব প্রমাণ করেছেন। ঈশ্বরের ধারণা পূর্ণ সত্তার ধারণা। ঈশ্বরকে পূর্ণ হতে হলে 'অস্তিত্ব' নামক গুণটি তার অন্তর্ভুক্ত হবে। কাজেই ঈশ্বর নেই—কথাটি স্ববিরোধী, তাই মিথ্যা। সুতরাং ঈশ্বর আছেন।

55 **স্পিনোজার মতে বোধশক্তি ও ইচ্ছা কী?**

উত্তর ▶ চিন্তনের প্রত্যংশ হল বোধশক্তি ও ইচ্ছা যা অবভাস ও ভ্রান্ত।

56 **স্পিনোজার মতে গতি ও স্থিতি কী?**

উত্তর ▶ স্পিনোজার মতে বিস্তৃতির প্রত্যংশ হল গতি ও স্থিতি যা ভ্রান্ত, অবভাস।

57 **স্পিনোজার মতে বিস্তৃতি ও চিন্তন গুণ দুটি কীভাবে জ্ঞাত হয়?**

উত্তর ▶ স্পিনোজার মতে ঈশ্বরের দুটি গুণ—বিস্তৃতি ও চিন্তন তার প্রত্যংশের মাধ্যমে জ্ঞাত হয়।

58 **স্পিনোজার মতে কারণ ও কার্য কী?**

উত্তর ▶ স্পিনোজার মতে কারণ হল সুপ্ত প্রকৃতি ও কার্য হল বাস্তব প্রকৃতি।

59 **স্পিনোজা বাস্তব প্রকৃতি বলতে কী বুঝিয়েছেন?**

উত্তর ▶ বাস্তব প্রকৃতি বলতে স্পিনোজা বুঝিয়েছেন ঈশ্বরের স্বরূপ থেকে নিঃসৃত জগৎ।

60 **স্পিনোজার মতে সুপ্ত প্রকৃতি কী?**

উত্তর ▶ সুপ্ত প্রকৃতি বলতে স্পিনোজা কারণ প্রকৃতিকে বুঝিয়েছেন যা হল ঈশ্বর।

61 **স্পিনোজা ঈশ্বর ও জীবের সম্পর্ক কীভাবে ব্যাখ্যা করেছেন?**

উত্তর ▶ স্পিনোজার মতে ঈশ্বর জীবের উপাদান কারণ ও নিমিত্ত কারণ উভয়ই। তাই জীবের স্বাতন্ত্র ও স্বাধীনতা তিনি স্বীকার করেননি। জীবসমূহ ঈশ্বরের বিভিন্ন ভঙ্গিমাত্র।

62 **স্পিনোজার মতে দ্রব্য এক হলে এবং ঈশ্বর = দ্রব্য হলে তিনি জগতের বৈচিত্র্যকে কীভাবে ব্যাখ্যা করেছেন?**

উত্তর ▶ জাগতিক বৈচিত্র্য ও বস্তু বিষয়ের যে সাক্ষাৎ পাই স্পিনোজার মতে তা একই তত্ত্বের বহুধা প্রকাশ মাত্র। সমুদ্রের ঢেউ যেমন সমুদ্র থেকে আলাদা নয়, তেমনই বহু বস্তু ঈশ্বর থেকে আলাদা নয়।

63 **সামান্য (জাতি) কাকে বলে?**

উত্তর ▶ সামান্য হল বস্তুর সারধর্ম যা ওই শ্রেণির সকল বস্তুর মধ্যে সমানভাবে উপস্থিত থাকে, যা না থাকলে ওই বস্তুকে ওই নামে ডাকা যাবে না, যার সাহায্যে ওই শ্রেণির সংজ্ঞা দেওয়া যায়। যেমন—মনুষ্যত্ব, গোরুত্ব ইত্যাদি।

64 **প্লেটো সামান্যকে নিত্য বলেছেন কেন?**

উত্তর ▶ প্লেটোর মতে সামান্য নিত্য। কেন-না সামান্যের উৎপত্তি ও বিনাশ নেই। যেমন—রাম, শ্যামের জন্মমৃত্যু থাকলেও মনুষ্যত্ব সামান্যের সৃষ্টি ও ধ্বংস হয় না।

65 **প্লেটোর মতে সামান্য কোথায় থাকে?**

উত্তর ▶ প্লেটোর মতে সামান্য স্বনির্ভর সত্তা। তাই সামান্যের মন নিরপেক্ষ, বস্তু নিরপেক্ষ স্বাধীন সত্তা আছে। সামান্য স্থান, কাল, পাত্র নিরপেক্ষ অতীন্দ্রিয় জগতে অবস্থান করে।

66 **প্লেটোর মতে সামান্য ও বিশেষের মধ্যে কীরূপ সম্বন্ধ?**

উত্তর ▶ সামান্যের সঙ্গে বিশেষের সম্বন্ধকে প্লেটো মূল্যের সঙ্গে অমূল্যের, আসলের সঙ্গে নকলের, মডেলের সঙ্গে অনুকরণের সম্বন্ধের মতো বলেছেন।

67 **সামান্য সম্বন্ধে প্লেটোর মতবাদের নাম কী? এবং কেন?**

উত্তর ▶ সামান্য সম্বন্ধে প্লেটোর মতবাদের নাম আকারবাদ। কেননা প্রত্যেক জাগতিক বস্তু ও প্রাণীর আকারই হল সামান্য যা নিত্য ও আদর্শ।

68 **অভিন্নতাবাদ কাকে বলে? অভিন্নতাবাদের প্রতিষ্ঠাতা কে?**

উত্তর ▶ যে মতবাদ অনুসারে সামান্য ছাড়া বিশেষ থাকতে পারে না এবং বিশেষ ছাড়া সামান্য থাকতে পারে না এবং সামান্য ও বিশেষের সম্পর্ক অভিন্ন সেই মতবাদকে বলা হয় অভিন্নতাবাদ।

▶ অ্যারিস্টট্‌ল অভিন্নতাবাদের প্রতিষ্ঠাতা।

69 **অ্যারিস্টট্‌লের মতে সামান্য ও বিশেষের মধ্যে সম্বন্ধ কীরূপ?**

উত্তর ▶ অ্যারিস্টট্‌লের মতে সামান্য ছাড়া বিশেষ থাকতে পারে না এবং বিশেষ ছাড়া সামান্য থাকতে পারে না। তাই সামান্য ও বিশেষের মধ্যে সম্বন্ধ অভিন্ন।

70 **সামান্য সম্পর্কে প্রত্যয়বাদ কাকে বলে? প্রত্যয়বাদের প্রতিষ্ঠাতা কে?**

উত্তর ▶ যে মতবাদ অনুসারে সামান্য ধারণার স্বনির্ভর অস্তিত্ব নেই, সামান্য কোনো বস্তুগত ধর্মও নয়, সামান্য ধারণার অস্তিত্ব কেবল মনে সেই মতবাদকে বলা হয় প্রত্যয়বাদ বা ধারণাবাদ।

▶ লক প্রত্যয়বাদের প্রতিষ্ঠাতা।

71 **সামান্য সম্বন্ধে নামবাদ কাকে বলে? নামবাদের প্রতিষ্ঠাতা কে?**

উত্তর ▶ যে মতবাদ অনুসারে সামান্য ধারণার মন বহির্ভূত বাস্তব অস্তিত্ব নেই এবং মনের মধ্যেও অস্তিত্ব নেই এবং যে শব্দের ব্যবহার করে সামান্য ধারণার কথা বলা হয় তা নিছক অর্থহীন নামমাত্র সেই মতবাদকে বলা হয় নামবাদ।

▶ বার্কলে নামবাদের প্রতিষ্ঠাতা।

72 **সামান্য ধারণার অস্তিত্ব খণ্ডনে বার্কলের যুক্তিটি কী?**

উত্তর ▶ বার্কলের মতে অস্তিত্ব প্রত্যক্ষ নির্ভর। তাই যা প্রত্যক্ষ করা যায় না তার অস্তিত্ব নেই। সামান্যকে প্রত্যক্ষ করা যায় না। তাই সামান্যের কোনো অস্তিত্ব নেই।

73 **সামান্য সম্বন্ধে সাদৃশ্যবাদ কাকে বলে? সাদৃশ্যবাদের প্রতিষ্ঠাতা কে?**

উত্তর ▶ যে মতবাদ অনুসারে বিশেষ অতিরিক্ত সামান্যের কোনো অস্তিত্ব নেই, সামান্য বিশেষ বিশেষ বস্তু বা ব্যক্তির মধ্যে সদৃশ ধর্মরূপে থাকে সেই মতবাদকে বলা হয় সাদৃশ্যবাদ।

▶ অধ্যাপক হসপার্স সাদৃশ্যবাদের প্রতিষ্ঠাতা।

বিভাগ ঘ

অতিসংক্ষিপ্ত প্রশ্নোত্তর

প্রতিটি প্রশ্নের মান - 1

1 **লহিবনিজ দ্রব্যের সংজ্ঞা কী দিয়েছেন?**

উত্তর ▶ লহিবনিজের মতে যা আত্মসক্রিয়, যা নিরংশ, যা বিস্তৃতিহীন, যা মৌলিক তাকে বলা হয় দ্রব্য (মনাড)।

2 **লক দ্রব্যের সংজ্ঞা কী দিয়েছেন?**

উত্তর ▶ লকের মতে দ্রব্য হল মুখ্য গুণের অজ্ঞাত ও অজ্ঞেয় আধার।

3 **বার্কলে দ্রব্যের কী সংজ্ঞা দিয়েছেন?**

উত্তর ▶ বার্কলের মতে দ্রব্য হল ধারণার প্রত্যক্ষকর্তা।

4 **হিউম দ্রব্যের সংজ্ঞা কী দিয়েছেন?**

উত্তর ▶ হিউমের মতে দ্রব্য হল গুণের সমষ্টি।

5 **দেকার্ত কতপ্রকার দ্রব্য স্বীকার করেছেন ও কী কী?**

উত্তর ▶ দেকার্ত দুইপ্রকার দ্রব্য স্বীকার করেছেন, তা হল—[1] স্বনির্ভর দ্রব্য—ঈশ্বর, [2] পরনির্ভর দ্রব্য—মন ও জড়দ্রব্য।

6 **দেকার্ত কয়টি দ্রব্য স্বীকার করেছেন ও কী কী?**

উত্তর ▶ দেকার্ত তিনটি দ্রব্য স্বীকার করেছেন, তা হল—[1] ঈশ্বর, [2] মন এবং [3] জড়দ্রব্য।

7 **দেকার্ত মনের কী সংজ্ঞা দিয়েছেন?**

উত্তর ▶ দেকার্তের মতে মন হল বিস্তৃতিহীন চেতনা।

8 **দেকার্ত জড়দ্রব্যের কী সংজ্ঞা দিয়েছেন?**

উত্তর ▶ দেকার্তের মতে জড়দ্রব্য হল চেতনাহীন বিস্তৃতি।

9 **দেকার্ত ঈশ্বরের কী সংজ্ঞা দিয়েছেন?**

উত্তর ▶ দেকার্তের মতে স্বনির্ভর দ্রব্য হল ঈশ্বর।

10 **স্পিনোজা কতপ্রকার দ্রব্য স্বীকার করেছেন ও কী কী?**

উত্তর ▶ স্পিনোজা একটি মাত্র দ্রব্য স্বীকার করেছেন, তা হল ঈশ্বর।

11 **স্পিনোজার মতে গুণ কত প্রকার ও কী কী?**

উত্তর ▶ স্পিনোজার মতে ঈশ্বরের অসংখ্য গুণ আছে, তবে মানুষ কেবল বিস্তৃতি ও চিন্তন এই দুটি গুণ প্রত্যক্ষ করতে পারে।

12 **দেকার্ত গুণের কী সংজ্ঞা দিয়েছেন?**

উত্তর ▶ দেকার্তের মতে গুণ হল দ্রব্যের অপরিবর্তনশীল মৌলিক বৈশিষ্ট্য।

13 **দেকার্ত প্রত্যংশের কী সংজ্ঞা দিয়েছেন?**

উত্তর ▶ দেকার্তের মতে প্রত্যংশ হল দ্রব্যের পরিবর্তনশীল বৈশিষ্ট্য।

14 **স্পিনোজার মতে গুণ কী?**

উত্তর ▶ স্পিনোজার মতে গুণ হল দ্রব্যের উপাদান ও স্বরূপধর্ম।

15 **স্পিনোজার মতে দ্রব্য ও গুণের সম্বন্ধ কী?**

উত্তর ▶ স্পিনোজার মতে দ্রব্য ও গুণ অভিন্ন।

16 **লাইবনিজের মতে সমগ্র বিশ্ব কী দিয়ে তৈরি?**

উত্তর ▶ লাইবনিজের মতে সমগ্র বিশ্ব অসংখ্য মনাড দিয়ে তৈরি।

17 **লাইবনিজের মতে সর্বোচ্চ মনাড কী?**

উত্তর ▶ লাইবনিজের মতে সর্বোচ্চ মনাড হলেন ঈশ্বর।

18 **লাইবনিজের মতে একটি আত্মসচেতন মনাডের নাম লেখো।**

উত্তর ▶ লাইবনিজের মতে মানুষ হলেন আত্মসচেতন মনাড।

19 **লাইবনিজের মতানুসারে একটি সুপ্ত মনাডের (নগ্ন মনাডের) নাম লেখো।**

উত্তর ▶ লাইবনিজের মতানুসারে, ধাতব পদার্থ হল সুপ্ত মনাড বা নগ্ন মনাড।

20 **লাইবনিজের মতে কোন্ মনাডগুলি যুগপৎ সক্রিয় ও নিষ্ক্রিয়?**

উত্তর ▶ লাইবনিজের মতে সকল সৃষ্ট মনাডগুলি যুগপৎ সক্রিয় ও নিষ্ক্রিয়।

21 **লক কেন জড়দ্রব্য স্বীকার করেছেন?**

উত্তর ▶ আকার, আয়তন, বিস্তৃতি প্রভৃতি মুখ্য গুণের আধার হিসেবে লক জড়দ্রব্য স্বীকার করেছেন।

22 **লক কেন মন স্বীকার করেছেন?**

উত্তর ▶ ইচ্ছা, অনুভূতি, চিন্তা—এই মানসিক মুখ্য গুণের আধার হিসেবে লক মন স্বীকার করেছেন।

23 **লক কেন ঈশ্বর স্বীকার করেছেন?**

উত্তর ▶ সর্বশক্তিমানতা, অসীমতা ও নিত্যতা প্রভৃতি গুণের আধার হিসেবে লক ঈশ্বর স্বীকার করেছেন।

24 **লকের মতে দ্রব্যকে কি প্রত্যক্ষ করা যায়?**

উত্তর ▶ লকের মতে দ্রব্যকে প্রত্যক্ষ করা যায় না, মুখ্য গুণের আধার হিসেবে দ্রব্যকে অনুমান করা যায়।

25 **লকের মতানুসারে গুণ কাকে বলে?**

উত্তর ▶ লকের মতে দ্রব্যের যে শক্তি গুণের ধারণা সৃষ্টি করে তাকে বলা হয় গুণ।

26 **লকের মতানুসারে কয়েকটি মুখ্য গুণের উদাহরণ দাও।**

উত্তর ▶ লকের মতানুসারে সংখ্যা, আকার, আয়তন, বিস্তৃতি হল মুখ্য গুণ।

27 **লকের মতানুসারে কয়েকটি গৌণ গুণের উদাহরণ দাও।**

উত্তর ▶ লকের মতানুসারে রূপ, রস, গন্ধ হল গৌণ গুণ।

28 **বার্কলে কয়টি দ্রব্য স্বীকার করেছেন ও কী কী?**

উত্তর ▶ বার্কলে দুটি দ্রব্য স্বীকার করেছেন, তা হল মন ও ঈশ্বর।

29 **বার্কলে কোন্ দ্রব্যটি অস্বীকার করেছেন?**

উত্তর ▶ বার্কলে জড়দ্রব্য অস্বীকার করেছেন।

30 **বার্কলে কেন মন স্বীকার করেছেন?**

উত্তর ▶ ধারণার প্রত্যক্ষকর্তা হিসেবে বার্কলে মন স্বীকার করেছেন।

31 **বার্কলে কেন ঈশ্বর স্বীকার করেছেন?**

উত্তর ▶ জীবাত্মার সৃষ্টিকর্তা হিসেবে ও সকল ধারণার প্রত্যক্ষকর্তা হিসেবে বার্কলে ঈশ্বর স্বীকার করেছেন।

32 **কোন্ দার্শনিক দ্রব্য স্বীকার করেন না?**

উত্তর ▶ বিখ্যাত দার্শনিক হিউম দ্রব্য স্বীকার করেন না।

33 **'দ্রব্য হল গুণের সমষ্টি'—এই কথা কে বলেছেন?**

উত্তর ▶ হিউম বলেছেন দ্রব্য হল গুণের সমষ্টি।

34 **লকের মতে দ্রব্য ও গুণের সম্বন্ধ কী?**

উত্তর ▶ লকের মতে দ্রব্য ও গুণের মধ্যে সম্বন্ধ হল আধার-আধেয় সম্বন্ধ।